দৈনিক আমাদের সময়

তারিখ 11 OCT 2017 পৃষ্ঠা ... কলাম ...

# শিশুদের ব্যাগে থাকবে শুধু অনুমোদিত বই

নিজস্ব প্রতিবেদক ●

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ব্যাগে সরকার অনুমোদিত বই ও শিক্ষা উপকরণ ছাড়া অন্য কিছু না দিতে সবাইকে সতর্ক করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। অধিদপ্তরের মহাপরিচালক মো. আবু হেনা মোস্তাফা কামালের স্বাক্ষরে এক পরিপত্রে এই সতর্কতা জারি করা হয়েছে। একই সঙ্গে শিক্ষার্থীদের ব্যাগে অনুমোদিত ছাড়া অন্য কিছু বিদ্যালয়ে আনতে নিরুৎসাহিত করতে মাঠ প্রশাসন ও বিদ্যালয় পরিচালনা কমিটিকে নির্দেশনা দেওয়া হয়।

পরিপত্রে বলা হয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## শিশুদের ব্যাগে

(প্রথম পৃষ্ঠার পর) প্রাথমিক বিদ্যালয়গামী শিশুদের জন্য যে সব বই অনুমোদন করেছে, তা পরিবহনে কোনো শিক্ষার্থীর সমস্যা হওয়ার কথা নয়। যেসব ছাত্রছাত্রী ব্যাগে বই বহন করে বিদ্যালয়ে আসা-যাওয়া করে হাইকোর্টের রায় অনুযায়ী তার ওজন বিদ্যালয়ে অধ্যয়নরত শিশুর ওজনের ১০ শতাংশের বেশি যেন না হয় সে বিষয়ে সতর্ক হওয়া বাঞ্ছনীয়। তা ছাড়া ভারী ব্যাগের কারণে যাতে পিঠে ব্যথা বা সোজা হয়ে দাঁড়ানোর মতো সমস্যা না হয় সে জন্য অনুমোদিত বই, উপকরণ ছাড়া অন্য কিছু বিদ্যালয়ের বয়ে আনা নিরুৎসাহিত করতে হবে। বিষয়টি নিশ্চিত করতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, পরিচালনা পর্ষদ এবং অভিভাবকদের বলা হয়েছে।

উল্লেখ্য, প্রাথমিকের শিশুর শরীরের ১০ শতাংশের বেশি ওজনের ব্যাগ বহন নিষিদ্ধ করতে ছয় মাসের মধ্যে আইন প্রণয়নের জন্য গত বছরের ৭ ডিসেম্বর নির্দেশ দেন হাইকোর্ট। একই সঙ্গে ১০ শতাংশের বেশি ওজনের ব্যাগ বহন না করতে এবং করাতে বাংলা ও ইংরেজি মাধ্যমের সব স্কুলে ৩০ দিনের মধ্যে একটি সার্কুলার জারি করতেও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন হাইকোর্ট।